পাপ্ত বয়স্কা নারীর সালাত আল্লাহ তা‘আলা উড়না ছাড়া কবুল করেন না।

আয়িশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “পাপ্ত বয়স্কা নারীর সালাত আল্লাহ তা‘আলা উড়না ছাড়া কবুল করেন
না”।
[সহীহ] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি তিরমিযী বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। -
এটি আহমাদ বর্ণনা করেছেন।]

একজন জ্ঞানী ও প্রাপ্ত বয়স্ক নারীর জন্য উড়না ছাড়া অর্থাৎ মাথা ও গাড় খুলে সালাত আদায় করা বৈধ নয়। যদি কোন নারী এভাবে সালাত আদায় করে তবে তার সালাত বাতিল। কারণ, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, আল্লাহ কবুল করবেন না। কবুল না করা দ্বারা এখানে উদ্দেশ্য সহীহ ও যথেষ্ট না হওয়া। আর ঋতুবতী হওয়া দ্বারা উদ্দেশ্য সাবালগ নারী। যে সাবালগ হওয়ার কোন আলামত প্রকাশ পাওয়ার কারণে মাসিকের বয়সে উপনিত হয়েছে। সাবালগ হওয়ার আলামত হলো, মাসিক হওয়া, বীর্যপাত হওয়া, নাভীর নিচে পশম গজানো অথবা পনের বছর পূর্ণ হওয়া। আর ঋতু দিয়ে ব্যক্ত করার কারণ হলো এটি কেবল নারীদেরই হয়ে থাকে এবং এটি সাধারণত বেশি। এ দ্বারা উদ্দেশ্য মাসিকে আক্রান্ত হওয়া নয়। কারণ, মাসিক চলাকালে নারীদের জন্য সালাত আদায় করা নিষিদ্ধ। এ বিষয়ে সুন্নাতের প্রমাণ পাওয়া গেছে এবং উম্মাতের ইজমা প্রমাণিত।

http://sunnah.global/hadeeth/bn/show/10637